গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
আইসিটি শাখা
www.panchagarh.gov.bd

| | |
|---|---|
| বিষয় | : জেলা আইসিটি কমিটির এপ্রিল-২০২৬ মাসের সভার কার্যবিবরণী |
| সভাপতি | : সুমন চন্দ্র দাশ<br>জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব), পঞ্চগড় |
| সভার তারিখ | : ৩০-০৪-২০২৬ খ্রি: |
| সভার সময় | : বেলা ১২:৩০ মিনিট |
| স্থান | : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পঞ্চগড় |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'

জেলা আইসিটি কমিটির এপ্রিল-২০২৬ মাসের মাসিক সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। পরে সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পঞ্চগড় আলোচ্যসূচি অনুযায়ী গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পঞ্চগড় সভায় জানান যে, ইনোভেশন এর ওপর আরো অধিক গুরুত্ব প্রদান করতে হবে। তিনি আরো বলেন, ইনোভেশনসমূহ বাস্তবায়নের ফলে জনগণ যাতে স্বল্প সময়ে কাঙ্ক্ষিত সেবা পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। | ক) ইনোভেশনসমূহ বাস্তবায়নের ফলে জনগণ যাতে স্বল্প সময়ে কাঙ্ক্ষিত সেবা পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান/উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড় |
| ২.২ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত | জেলা, উপজেলা পর্যায়ের সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ এবং নির্ভুলভাবে তথ্য সন্নিবেশিত করার জন্য জেলার সকল কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। কোন কর্মকর্তা/কর্মচারি বদলি হয়ে গেলে বা যোগদান করলে তাৎক্ষণিক ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। কোন দপ্তরে পোর্টাল সংক্রান্ত কোন সমস্যা হলে জেলা আইসিটি অফিসারের সাথে যোগাযোগ করে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের ওয়েব পোর্টালে নির্ভুল তথ্য আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/জেলার সকল দপ্তরের প্রধান/জেলা আইসিটি অফিসার, পঞ্চগড় |
| ২.৩ | সিটিজেন চার্টার হালনাগাদ সংক্রান্ত | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পঞ্চগড় বলেন, সকল দপ্তরের সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করে সংশ্লিষ্ট দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সকল দপ্তর প্রধান, পঞ্চগড়/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড় |
| ২.৪ | ডি-নথিতে পত্র উপস্থাপন সংক্রান্ত | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পঞ্চগড় ডি-নথিতে নিয়মিত পত্র উপস্থাপনের বিষয়ে জানান যে, কিছু কিছু সরকারি দপ্তর ডি-নথির মাধ্যমে কাজ করছে। কিন্তু কিছু কিছু দপ্তর ডি-নথির মাধ্যমে কাজ করছে না। তিনি সকল দপ্তর প্রধানকে ডি-নথিতে পত্র উপস্থাপন, নথি নিষ্পত্তি এবং পত্রজারি বৃদ্ধি করতে অধিকতর মনোযোগী হতে অনুরোধ করেন। | ডি-নথিতে পত্র উপস্থাপন, নথি নিষ্পত্তি এবং পত্র জারি বৃদ্ধি করতে হবে। | সকল দপ্তর প্রধান, পঞ্চগড়/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড় |
| ২.৫ | কম্পিউটার, ড্রাইভিং ও অন্যান্য প্রশিক্ষণ | সভায় কম্পিউটার, ড্রাইভিং প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার বিষয়ে আলোচনা হয়। স্বচ্ছতার সাথে সকল প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার বিষয়ে | স্বচ্ছতার সাথে সকল প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে। | অধ্যক্ষ, টিটিসি, পঞ্চগড় |

| | | | | |
|---|---|---|---|---|
| | কার্যক্রম সংক্রান্ত | সভায় গুরুত্বারোপ করা হয়। | | |
| ২.৬ | মাল্টিমিডিয়া ক্লাস/ডিজিটাল ল্যাব সংক্রান্ত | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পঞ্চগড় সভায় জানান যে, এ জেলার যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস/ডিজিটাল ল্যাবের ব্যবস্থা রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস/ডিজিটাল ল্যাবের কার্যক্রম চলমান রাখতে হবে। তিনি কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস/ডিজিটাল ল্যাবের কার্যক্রম সচল আছে এবং কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে সচল নেই; সচল না থাকলে তার কারণ কি-তার তালিকা তৈরি করার জন্য জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড় এবং পঞ্চগড়/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড়কে অনুরোধ জানান। | ক) জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাল্টিমিডিয়া ক্লাস/ডিজিটাল ল্যাবের কার্যক্রম চলমান রাখতে হবে।<br>খ) কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস/ডিজিটাল ল্যাবের কার্যক্রম সচল/সচল নেই (অচলের কারণ) তার তালিকা তৈরি করতে হবে। | জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড় |
| ২.৭ | সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রম সংক্রান্ত | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, পঞ্চগড় সভায় জানান যে, তার দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রয়েছে। তার দপ্তরে সরকার প্রদত্ত বিভিন্ন সেবা অনলাইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে। | ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ এবং সরকার প্রদত্ত সেবাসমূহের তথ্য ওয়েব পোর্টালে প্রকাশের এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, পঞ্চগড় |
| ২.৮ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যক্রম সংক্রান্ত | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় সভায় জানান যে, তার দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রয়েছে। তার দপ্তরে বিভিন্ন সেবা অনলাইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে। | ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ এবং সরকার প্রদত্ত সেবাসমূহের তথ্য ওয়েব পোর্টালে প্রকাশের এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় |
| ২.৯ | পুলিশ সুপারের কার্যালয়ের কার্যক্রম সংক্রান্ত | পুলিশ সুপার, পঞ্চগড় সভায় জানান যে, বর্তমানে সরকারি প্রতিটি অফিসের ন্যায় পুলিশ সুপারের কার্যালয়ও প্রযুক্তি নির্ভর। তার দপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। ৯৯৯ সেবার মাধ্যমে মানুষকে বিভিন্ন প্রকার আইনি সেবা প্রদান করা হচ্ছে। মামলা সংক্রান্ত সকল তথ্য CDMS এ আপলোড করা হয়। ঘরে বসেই মানুষ এখন অনলাইনের মাধ্যমে অনলাইন জিডি করতে পারছে। | ডিজিটাল সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পুলিশ সুপার, পঞ্চগড় |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/০৮/২৩

সুমন চন্দ্র দাশ
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)
পঞ্চগড়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
আইসিটি শাখা
www.panchagarh.gov.bd

নম্বর: ০৫.৪৭.৭৭০০.০২৮.৩৯.০০৮.১৯.২৫

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩
০৪ মে ২০২৬

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩. পুলিশ সুপার, পঞ্চগড়।
৪. সিভিল সার্জন, পঞ্চগড়।
৫. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড়।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পঞ্চগড়।
৭. উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর/বোদা/আটোয়ারী/দেবীগঞ্জ/তেঁতুলিয়া, পঞ্চগড়।
৮. জনাব.......................................................................................পঞ্চগড়।
৯. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০. অফিস কপি

০৪/০৫/২৬

সোহেল সুলতান জুলকার নাইন কবির (স্টিভ)
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
পঞ্চগড়